

One Time Financial Support সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা তপশিলী জাতি ভুক্ত ছাত্র/ছাত্রীদের জানানো যাইতেছে যে রাজ্য সরকারের ঘোষিত প্রকল্প অনুযায়ী ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে দুর্বল তপশিলী জাতি ভুক্ত ছাত্রছাত্রীদের সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন পেশাগত পাঠ্যক্রমে পড়াশুনার করার জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এককালীন আর্থিক সহায়তা (**One Time Financial Support**) প্রদান করার হবে।

১) যে সকল ছাত্র/ছাত্রী ২০২৩-২৪ সালে কমপক্ষে ২ (দুই) বছরের পাঠ্যক্রমের জন্য সরকার অনুমোদিত রাজ্যের এবং রাজ্যের বাইরের যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩-২৪ সালে প্রথম বর্ষে ভর্তি হয়েছে এবং **Post Matric Scholarship for SC students** এর জন্য **National Scholarship Portal (NSP-2.0)** তে নাম নথিভুক্ত করেছেন।

২) যে সকল ছাত্র/ছাত্রীর আবেদন **State level verification** এর পর যোগ্য বলে বিবেচিত হয়েছে এবং অবশ্যই ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বরসহ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং তার উপরের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র সেই সকল ছাত্র/ছাত্রীরাই এই সহায়তার জন্য তাদেরকে নিম্নোক্ত তথ্যাদির প্রত্যায়িত নকল সহ আগামী ০৭/০৩/২০২৪ ইং তারিখের মধ্যে **bms.tripura.gov.in (Citizen mode)** online এর মাধ্যমে আবেদন করে আবেদন পত্রটি ১২/০৩/২০২৪ ইং তারিখের মধ্যে তপশিলী জাতি কল্যাণ দপ্তরে জমা দিতে হবে। জমা দেবার সময় অবশ্যই নিম্নলিখিত **Document** এর প্রত্যায়িত নকল জমা দিতে হবে।

(1). NSP Application form (2) BMS form (3). Mark-sheet of Madhyamik Examination (4) Mark-sheet of H + 2 Stage (5) Last year Mark-sheet (Previous Course) (6) 1st year Admission letter (7). SC certificate (8). PRTC (9). Ration Card (10). Aadhaar Card No (11). Xerox copy of Bank pass book

৩) এককালীন সহায়তার মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দুই কিস্তির মাধ্যমে দেওয়া হবে। প্রথম কিস্তির ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পর এবং দ্বিতীয় কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রথম বর্ষের উত্তীর্ণের প্রমাণপত্র (**Pass certificate of 1st year course**) দাখিলের পর।

৪) উক্ত এককালীন সহায়তা মঞ্জুরের ক্ষেত্রে মাধ্যমিকোত্তর বৃত্তি পাওয়ার যোগ্য প্রার্থীদের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হবে না।
৫) তপশিলী জাতি কল্যাণ দপ্তরের বাৎসরিক বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে এককালীন সহায়তা প্রদানের পাঠ্যক্রম (course) অনুসারে ছাত্র/ছাত্রীর সংখ্যা নির্ধারণ করা হবে এবং উক্ত প্রকল্পের **Guideline** অনুসারে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

10A/D/1728/24
(15x2)

(অসীম সাহা)
অধিকর্তা
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
ত্রিপুরা সরকার